

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা আত্মকথা ও প্রবন্ধ

কোর্স পি. জি. - ২.৩

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. রামসুন্দরীর 'আমার জীবন'-এ স্মৃতির ভূমিকা ঠিক অতীতের উদ্ধার নয়, বরং তার পুনর্নির্মাণ। একথা মেনে নিলে, কীভাবে তা রাসসুন্দরীর জীবনের বিশ্বস্ত অবিকল প্রতিরূপ হয়? এ বিচারে আত্মজীবনী হিসেবে 'আমার জীবন' কি লক্ষ্যচ্যুত, তাই ব্যর্থ? নাকি তুমি প্রস্তাবটিকেই অংশত বা সম্পূর্ণ নস্যাৎ করবে? ১০

২.ক. 'জীবনস্মৃতি' অনুযায়ী রবীন্দ্রনাথ তাঁর কবিতার যে প্রাথমিক ভূমিকা রচনা করেন, তার পরিচয় দাও এবং এ প্রসঙ্গে 'সদর স্ত্রীটির বারান্দা'র ভূমিকা কী দেখাও। ১০

অথবা

২খ. সমকালের সমাজ ও সংস্কৃতির যে রূপ রবীন্দ্রনাথ 'জীবনস্মৃতি'তে প্রত্যক্ষ করেন তার পরিচয় দাও। ১০

(2)

৩.ক. রামকৃষ্ণ মুখোপাধ্যায়ের 'বঙ্গালার ইতিহাস' গ্রন্থের সমালোচনা হিসেবে বঙ্কিম আসলে বাংলার ইতিহাস বিষয়ে নিজের একটি প্রস্তাব হাজির করেন। প্রস্তাবটি ঠিক কীরকম? তুমি কি এই প্রস্তাবে সহমত? আলোচনা করো। ৭৩

অথবা

৩খ. 'স্ত্রী জাতির অবনতি' প্রবন্ধে 'স্ত্রী' জাতির পরিচয় দিতে গিয়ে রোকেয়া 'হিন্দু' 'মুসলিম' পরিচয়টিকেও লিঙ্গ পরিচিতির প্রক্ষেপে প্রাসঙ্গিক মনে করেছেন। কেন এবং কীভাবে তিনি এই সিদ্ধান্ত তৈরি করেছেন তা বিশ্লেষণ করে দেখাও। ১০

৪.ক. 'আজ আমার বিদায়ের দিনে সে বিশ্বাস একেবারে দেউলিয়া হয়ে গেল', 'সভ্যতার সংকট' প্রবন্ধে রবীন্দ্রনাথের এই 'দেউলিয়া' বিশ্বাসকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে? এই বিশ্বাসভঙ্গ থেকে পরিত্রাণের কোনো চিহ্ন কি প্রবন্ধের মধ্যে আছে? তোমার মতামত জানাও। ৬+৪

অথবা

৪.খ. 'হিন্দু-মুসলমান' প্রবন্ধে হিন্দু-মুসলমানের বিরোধ আলোচনা করতে গিয়ে রবীন্দ্রনাথ হিন্দু ধর্মের আচার এবং সংস্কারগত সংকীর্ণতার অন্তঃসারশূন্যতাকে কীভাবে ব্যাখ্যা করেছেন তা আলোচনা করো। ১০

(2)

অথবা

৪.গ. 'অপবিজ্ঞান' বলতে রাজশেখর বসু কী বোঝেন? তার বিরুদ্ধে লড়াইয়ের যে পথ তিনি নির্দেশ করতে চান তা নিজের ভাষায় লেখো। ১০

৪.ঘ. ধূর্জটিপ্রসাদের প্রবন্ধে সমকালীন বিশ্ব রাজনীতি ও অন্যান্য ঘটনাপ্রবাহ সম্পর্কে একধরনের বিরোধিতা আছে। 'বিরোধের কথা' প্রবন্ধে অবলম্বনে 'বিরোধিতা'র স্বরূপটি ব্যাখ্যা করো। ১০

— X —